

নারী নীতিমালা বাতিলের দাবীতে আজ রাজধানীতে গণবিক্ষোভ সমাবেশ

সারাদেশে কর্মসূচী সফল করুন : নেতৃবৃন্দ

স্টাফ রিপোর্টার : কোরআন বিরোধী নারী নীতিমালা বাতিলের দাবীতে আজ (শুক্রবার) বাদ জুমা রাজধানীর বায়তুল মোকাররম মসজিদের উত্তর গেটে বিশাল গণবিক্ষোভ অনুষ্ঠিত হবে। গণবিক্ষোভ সফল করার জন্য আহ্বান জানিয়েছেন দেশের সকল ইসলামী ও সমমনা দলসমূহের শীর্ষ নেতৃবৃন্দ। এছাড়াও উত্তর গেটের গণবিক্ষোভসহ দেশের সর্বত্র বিক্ষোভ সমাবেশ সফল করার আহ্বান জানিয়ে বিবৃতি দিয়েছেন বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ। ১৯ দলের শীর্ষ নেতৃবৃন্দের আহ্বান : কোরআন বিরোধী নীতিমালা বাতিলের দাবীতে ইসলামী উত্তরাধিকার আইন সংরক্ষণ আন্দোলন আহূত শুক্রবার বাদ জুমা বৃহত্তর গণবিক্ষোভ সফল করার আহ্বান জানিয়েছেন দেশের ১৯টি ইসলামী ও সমমনা দলের শীর্ষ নেতৃবৃন্দ। গতকাল প্রদত্ত এক যুক্ত বিবৃতিতে শীর্ষ নেতৃবৃন্দ বলেন, দেশের আলেম-উলামা ও সর্বস্তরের মুসলমানগণ বৃহস্পতিবারের মধ্যে কোরআন বিরোধী নীতিমালা বাতিল ঘোষণা করার যে দাবী করেছিল, সে দাবী পূরণ না হওয়ায় শুক্রবার বাদ জুমা বৃহত্তর গণবিক্ষোভ সফল করে সরকারকে এই দাবী মেনে নিতে বাধ্য করতে হবে। এছাড়া নেতৃবৃন্দ দেশের সকল মসজিদের খতীবদের জুমার নামাযপূর্ব খুতবায় ইসলাম নারীকে যে মর্যাদা ও অধিকার দিয়েছে তা সঠিকভাবে তুলে ধরে সরকারের কোরআন বিরোধী অবস্থানসম্পর্কে সচেতনতা সৃষ্টির জন্য বক্তব্য রাখার অনুরোধ জানান। নেতৃবৃন্দ বলেন, “দেশের জনগণের প্রতিবাদ উপেক্ষা করে সরকার বিভিন্ন বক্তব্য দিয়ে মূল ব্যাপারটিকে পাশ কাটিয়ে যাচ্ছে। সুতরাং কোন প্রকার বিভ্রান্তির শিকার না হয়ে এ দাবী পূরণ করার জন্য আন্দোলন অব্যাহত রাখতে হবে।”

বিবৃতিদাতাগণ হলেন, শায়খুল হাদীস আল্লামা আজিজুল হক (আমীর, বাংলাদেশ খেলাফত মজলিশ), মাওলানা মুহিউদ্দীন খান (সিনিয়র ভাইস চেয়ারম্যান, ইসলামী ঐক্যজোট), মাওলানা শাহ আহমদুল্লাহ আশরাফ (আমীর, বাংলাদেশ খেলাফত আন্দোলন), সৈয়দ মাওলানা মুফতী মোঃ রেজাউল করীম, পীর ছাহেব চরমোনাই (আমীর, ইসলামী শাসনতন্ত্র আন্দোলন), হাফেজ মুহাম্মদ হাবীবুর রহমান (আমীর, ইসলামী ঐক্য আন্দোলন), অধ্যাপক মহিউদ্দীন আহমেদ (প্রধান সমন্বয়কারী ও মুখপাত্র, হিব্বুত তাহরীর, বাংলাদেশ), মাওলানা মোমতাজুল করিম (অধ্যাপক, হাটহাজারী মাদ্রাসা চট্টগ্রাম), মাওলানা মাহমুদুল হাসান মোমতাজি (আমীর, ইন্টারন্যাশনাল খতমে নবুওয়াত মুভমেন্ট বাংলাদেশ), সাবেক মন্ত্রী এম নাজিমুদ্দিন আল আজাদ (চেয়ারম্যান, বিএলডিপি), আব্দুর ইউসুফী (নায়েবে আমীর, বাংলাদেশ খেলাফত মজলিস), মাওলানা ফরীদ উদ্দীন মাসউদ (মহাসচিব, জমিয়তে উলামায়ে ইসলাম, বাংলাদেশ), মাওলানা নূরুল হুদা ফয়েজী (মহাসচিব, ইসলামী শাসনতন্ত্র আন্দোলন), ড. মাওলানা সৈয়দ মোঃ এনায়েতুল্লাহ আব্বাসী (পীর ছাহেব জৈনপুরী), শফিউল আলম প্রধান (সভাপতি, জাগপা), মাওলানা জাফরুল্লাহ খান (মহাসচিব, খেলাফত আন্দোলন), মাওলানা কামরুজ্জামান কবির (সেক্রেটারী, বাংলাদেশ খাদেমুল ইসলাম জামাত), অধ্যাপক মাওলানা মোস্তফা তারেকুল হাসান (ইসলামী ঐক্য আন্দোলন), কাজী আবুল খায়ের (ভারপ্রাপ্ত মহাসচিব, বাংলাদেশ মুসলিম লীগ), মাওলানা মামুনুর রশীদ (হিব্বুত তাহরীর, বাংলাদেশ), মাওলানা মোখলেছুর রহমান কাসেমী (সেক্রেটারী, নদওয়াতুল উলামা বাংলাদেশ), আতিকুল ইসলাম (মহাসচিব, বাংলাদেশ মুসলিম লীগ), এডভোকেট আব্দুল মোবিন (মহাসচিব, বাংলাদেশ ইসলামিক পার্টি), মোঃ আজিজুর রহমান (বাংলাদেশ ফরায়েজী জামাত), এ এইচ রেজা খান ভাসানী (মহাসচিব, ন্যাপ), মাওলানা আনিসুর রহমান (সভাপতি, জাতীয় উলামা পার্টি) প্রমুখ।

গণবিক্ষোভ প্রস্তুতি কমিটির আহ্বান

কোরআন বিরোধী নীতিমালা বাতিলের দাবীতে ইসলামী উত্তরাধিকার আইন সংরক্ষণ আন্দোলন আহূত শুক্রবার বাদ জুমা গণবিক্ষোভ প্রস্তুতি কমিটির এক বৈঠক পল্টনস্থ ইশা আন্দোলন মিলনায়তনে অনুষ্ঠিত হয়। গতকাল বাদ আসর অনুষ্ঠিত উক্ত বৈঠক থেকে শুক্রবারের গণবিক্ষোভ সফল করার জন্য দেশের আলেম-উলামা ও দ্বীন-দরদী সকল মুসলমানদের প্রতি উদাত্ত আহ্বান জানানো হয়েছে।

বৈঠকে উপস্থিত ছিলেন সাবেক মন্ত্রী এম নাজিমুদ্দিন খান আজাদ (চেয়ারম্যান, বিএলডিপি), মাওলানা আব্দুর

ইউসুফী (নায়েবে আমীর, বাংলাদেশ খেলাফত মজলিস), মাওলানা এ টি এম হেমায়েত উদ্দীন (যুগ্ম মহাসচিব, ইশা আন্দোলন), মাওলানা মুহাম্মদ জাফরুল্লাহ খান (মহাসচিব, খেলাফত আন্দোলন), কাজী আবুল খায়ের (ভারপ্রাপ্ত মহাসচিব, বাংলাদেশ মুসলিম লীগ), মোস্তফা তারেকুল হাসান (ইসলামী ঐক্য আন্দোলন), মুকলেছুর রহমান কাছেমী (নদওয়াতুল উলামা বাংলাদেশ), মুহাম্মদ মাহফুজুর রহমান (ইসলামী ঐক্য আন্দোলন), আতিকুল ইসলাম (মহাসচিব, বাংলাদেশ মুসলিম লীগ), মামুনুর রশীদ (গণসংযোগ সচিব, হিব্বুত তাহরীর, বাংলাদেশ), মোঃ আজিজুর রহমান (বাংলাদেশ ফরায়েজী জামাআত), রশিদ আহমদ ফেরদৌস (ইশা আন্দোলন), মাওলানা রুহুল আমীন সিরাজী (প্রচার সম্পাদক, জমিয়তে উলামায়ে ইসলাম), মাওলানা আতাউর রহমান আরেফী (ইশা আন্দোলন), এ এইচ রেজা খান ভাসানী (মহাসচিব, ন্যাপ), মাওলানা মাসউদুর রহমান বিক্রমপুরী (জমিয়াতুশ শাবাব), এডভোকেট আব্দুল মোবিন (মহাসচিব, বাংলাদেশ ইসলামিক পার্টি), মাওলানা ফাহীম সিদ্দীকী (জমিয়াতুল উলূমিল ইসলামিয়া) মাওলানা আনিসুর রহমান (সভাপতি, জাতীয় উলামা পার্টি) প্রমুখ।